গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং ১২.০০.০০০০.০৩২.৪০.০০৮.২৫.৮৪

তারিখঃ ০৯ শ্রাবণ ১৪৩২ / ২৪ জুলাই ২০২৫ ।

## বিজ্ঞপ্তি

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৫-২৬ অর্থ বছরে ভর্তুকির আওতায় বেসরকারি আমদানিকারকদের মাধ্যমে ২.০০ লক্ষ মে.টন টিএসপি, ৫.০০ লক্ষ মে.টন ডিএপি, ২.৫০ লক্ষ মে.টন এমওপি এবং ০.২০ লক্ষ মে.টন এমএপি সার সংগ্রহ করা হবে। তবে বাস্তবতার নিরিখে কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে উক্ত আমদানিকৃত সারের পরিমাণ কম-বেশি হতে পারে। বেসরকারি পর্যায়ে প্রয়োজনীয় পরিমাণ সার আমদানির লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণপূর্বক এবং বিগত ২৯/০১/২০১৫ তারিখে ১২.০০.০০০০.০৩০.০৪০.১১৫.১৫-৫৮ নং স্মারকে জারীকৃত "নন-ইউরিয়া সার আমদানি, বিক্রয় এবং ভর্তুকি বিতরণ/প্রদান পদ্ধতি" সংক্রান্ত পরিপত্রের অন্যান্য শর্ত মোতাবেক সার আমদানিকারকগণের (নিজস্ব প্যাডে) নিকট হতে প্রস্তাব আহবান করা যাচ্ছে:

(ক) বেসরকারি পর্যায়ের প্রয়োজনীয় পরিমাণ টিএসপি, ডিএপি, এমওপি ও এমএপি সার আমদানির লক্ষ্যে আগামী ০৬ আগস্ট ২০২৫ তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে সীলগালাকৃত খামে প্রস্তাব দাখিল করতে হবে। খামের উপর সারের নাম উল্লেখ করতে হবে। সীলগালাকৃত খামে প্রস্তাবসমূহ বাংলাদেশ সচিবালয়ের ৪নং ভবনের ৫০৫ নং কক্ষের সামনে রক্ষিত নির্ধারিত বাক্সে অথবা বিএডিসি'র সদস্য-পরিচালক (সার ব্যবস্থাপনা বিভাগ), ৪৯-৫১, দিলকুশা বা/এ, ঢাকা-এর দপ্তরে রক্ষিত বাক্সে জমা দিতে হবে। একটি আমদনিকারক প্রতিষ্ঠান একটি মাত্র প্রস্তাব দাখিল করতে পারবেন। একটি প্রস্তাবে একাধিক দর উল্লেখ থাকলে প্রস্তাব বাতিল মর্মে গণ্য হবে;

(খ) নির্ধারিত কোটার সারের চাহিদা পূরণের শেষ পর্যায়ে কোনো নির্দিষ্ট পরিমাণ সারের জন্য একাধিক প্রস্তাবকের দর একই হলে সমহারে বন্টনের মাধ্যমে চাহিদা পূরণ করা হবে। চূড়ান্ত মনোনয়ন/কার্যাদেশ জারীর পর ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে আমদানিকারকগণকে অন্যান্য দলিলাদি দাখিলসহ (প্রযোজ্য ক্ষেত্রে) ঋণপত্র স্থাপনপূর্বক জামানতের অর্থসহ কৃষি মন্ত্রণালয়ে জমা দিতে হবে। এছাড়াও বেসরকারি পর্যায়ে সার আমদানির ক্ষেত্রে ব্যাংক সুদ হার ১৩% (তেরো শতাংশ), স্থানীয় ব্যয় টনপ্রতি ১৫০০ (এক হাজার পাঁচশত) টাকা এবং মুনাফা ৩ (তিন) শতাংশ পূর্বের ন্যায় বলবৎ থাকবে। নির্ধারিত তারিখের মধ্যে ঋণপত্র স্থাপনে/প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য দলিলাদি দাখিলে ব্যর্থ হলে প্রস্তাবের সাথে জামানত বাবদ জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্তসহ মনোনয়ন বাতিল মর্মে গণ্য হবে এবং তালিকার পরবর্তী দরদাতাকে সার সরবরাহের জন্য প্রস্তাব করা যাবে। তবে, এতদসংক্রান্ত যে কোনো বিষয়ে মন্ত্রণালয়ের সিদ্ধান্তই চূড়ান্ত মর্মে বিবেচিত হবে;

**(গ) কার্যাদেশ প্রাপ্ত আমদানিকারকগণ যেদিন ঋণপত্র খুলবেন সেদিনের সোনালী ব্যাংকের বিসি সেলিং রেট অনুযায়ী মার্কিন ডলার-টাকার বিনিময় হার চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে। এই ডলার রেট অনুযায়ী আমদানিকারকগণের প্রাপ্য ভর্তুকির হিসাব করা হবে;**

(ঘ) আমদানিকারক প্রতিষ্ঠান প্রতি প্রস্তাবে সর্বোচ্চ ৪০,০০০ (+১০%) মে.টন ডিএপি, সর্বোচ্চ ৩০,০০০ (+১০%) মে.টন টিএসপি ও এমওপি এবং সর্বোচ্চ ১৫,০০০ (+১০%) মে.টন এমএপি সারের জন্য প্রস্তাব দাখিল করতে পারবে;

(ঙ) টিএসপি, ডিএপি, এমওপি এবং এমএপি সারের ক্ষেত্রে ২০ সেপ্টেম্বর ২০২৫ তারিখের মধ্যে জাহাজীকরণ সম্পন্ন করতে হবে। Force Majure ছাড়া অন্য কোনো কারণে জাহাজীকরণের সময় বৃদ্ধিতে জরিমানা আরোপের এখতিয়ার মন্ত্রণালয় সংরক্ষণ করে;

(চ) বেসরকারি সার আমদানিকারকগণ আমদানিকৃত সার বিভিন্ন মোকামে (চট্টগ্রাম, নারায়নগঞ্জ, নগরবাড়ী ও নোয়াপাড়া) সংরক্ষণ করবেন। মোট আমদানিকৃত সারের মধ্যে চট্টগ্রামে ৩%, নারায়নগঞ্জ ৩০%, নগরবাড়ীতে ৩৫%, এবং নোয়াপাড়ায় ৩২% নিশ্চিতভাবে সংরক্ষণ করতে হবে;

(ছ) আমদানিকৃত সার ডিলার পর্যায়ে বিক্রয়ের ক্ষেত্রে কোনো ধরনের শর্ত আরোপ বা প্রতিবন্ধকতা সৃষ্টি করে সার সরবরাহের স্বাভাবিক প্রবাহ বাধাগ্রস্ত করা যাবে না। এরূপ কোনো অভিযোগ প্রমাণিত হলে মোকাম সংশ্লিষ্ট জেলার কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক আমদানিকারকের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের সুপারিশ করতে পারবেন।

(জ) আমদানিকারকগণ যেহেতু বেসরকারিভাবে/ব্যক্তিগত উদ্যোগে ব্যাংক ঋণ গ্রহণের মাধ্যমে সার আমদানি করবেন তাই এ সংক্রান্ত সকল দায়-দেনা আমদানিকারকগণ নিজেরা নিষ্পত্তি করবেন;

(ঝ) নন-ইউরিয়া সার আমদানি, বিক্রয় এবং ভর্তুকি প্রদান পদ্ধতি সংক্রান্ত পরিপত্র অনুসারে আমদানিকারকগণকে প্রস্তাবের সাথে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের হালনাগাদ নিবন্ধন, আর্থিক সক্ষমতার সনদ, ব্যাংক কর্তৃক এলসি স্থাপনের নিশ্চয়তার সনদ, ট্রেড লাইসেন্স, আয়কর রিটার্ন দাখিলের হালনাগাদ সনদ এবং ভ্যাট রেজিষ্ট্রেশন সার্টিফিকেটসহ সারের উৎপাদক প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে Manufacturer's Certificate জমা দিতে হবে। Manufacturer's Certificate-এ সারের বিনির্দেশসহ সংশ্লিষ্ট আমদানিকারককে নির্দিষ্ট পরিমাণ সার নির্ধারিত সময়ের মধ্যে সরবরাহে সম্মত মর্মে উল্লেখ করতে হবে। উক্ত পরিপত্রে বর্ণিত অন্যান্য শর্ত মোতাবেক প্রস্তাব দাখিলে ব্যর্থ হলে বা কোনো অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ প্রস্তাব দাখিল করলে তা বাতিল মর্মে গণ্য হবে।

০২। এমতাবস্থায়, বেসরকারি পর্যায়ে নন-ইউরিয়া (টিএসপি, ডিএপি, এমওপি ও এমএপি) সার আমদানির লক্ষ্যে উল্লিখিত নির্দেশনাসমূহ প্রতিপালনপূর্বক সার আমদানি প্রস্তাব দাখিলের বিষয়ে সার আমদানিকারকগণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৪/০৭/২০২৫

(মো: মনিরুজ্জামান)
উপসচিব
ফোনঃ ৫৫১০০৮৬৭
E-mail: dsfmm@moa.gov.bd